পার্বত্যাঞ্চলে বিদ্যুতের উন্নয়নে ৫৬৫ কোটি ৬৮ লাখ টাকা বরাদ্দ

পার্বত্যনিউজ ডেস্ক: পার্বত্য তিন জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নসহ প্রায় ৮ হাজার ৮৭৪ কোটি টাকা ব্যয়ে নয়টি প্রকল্পে অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।

রাজধানীর শেরেবাংলা নগর এনইসি সম্মেলন কেন্দ্রে মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেকের সভায় প্রকল্পগুলো অনুমোদিত হয়।

পরে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সাংবাদিকদের বলেন, নয় প্রকল্পের মোট ব্যয়ের মধ্যে সরকারি তহবিল থেকে ৭ হাজার ৩২৯ কোটি ১৬ লাখ টাকা যোগান দেয়া হবে। বাস্তবায়নকারী সংস্থা থেকে ৫০ কোটি ৯ লাখ টাকা এবং বিদেশি সহায়তা থেকে একহাজার ৪৯৪ কোটি ৯১ লাখ টাকা পাওয়া যাবে।

একনেক সভায় যে সব প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে তার মধ্যে রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন প্রকল্পে ব্যয় ধরা হয়েছে ৫৬৫ কোটি ৬৮ লাখ টাকা।

অন্য প্রকল্পগুলোর মধ্যে রয়েছে- চট্টগ্রাম পানি সরবরাহ উন্নয়ন ও স্যানিটেশন (১ হাজার ৮৯০ কোটি ৮৩ লাখ টাকা), গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৪৫৪ কোটি ৬২ লাখ টাকা), বাগেরহাট জেলায় ৮৩টি নদী, খাল পুনঃখনন এবং মংলা-ঘষিয়াখালী চ্যানেলের নাব্য বৃদ্ধি (৭০৬ কোটি ৪০ লাখ টাকা)।

খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি (২য় পর্যায়) প্রকল্প (৩৩৯ কোটি ৪৪ লাখ টাকা), বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ এবং উপকেন্দ্রসমূহের উন্নয়ন (১৬০ কোটি ৫৬ লাখ টাকা), পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ (৩ হাজার ৯২৬ কোটি ৭৬ লাখ টাকা), তথ্য ভবন নির্মাণ (৯৫ কোটি ৮৫ লাখ টাকা)।
এছাড়া ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন নতুন সংযুক্ত শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল ও সারুলিয়া এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৭৩৪ কোটি ২ লাখ টাকা।

সূত্র : বিডিনিউজ